

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে টেকসই শহরের জন্য থ্রি-ডি ন্যানোকর্ভনের ভূমিকা বিষয়ক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) টেকসই শহরের জন্য থ্রি-ডি ন্যানোকর্ভনের ভূমিকা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২৩ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সম্মেলন কক্ষে “সেমিনার অন- থ্রি-ডি ন্যানো কার্বনস ফর সাসটেনেবল সিটিস: এ্যাডভান্সিং ক্লিন এনার্জি, নিউরাল ইন্টারফেস ফর হেলথ, এন্ড CO₂-সিকোয়েস্টার্ড কনক্রিট” শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমরা থিওরিটিক্যাল এবং ল্যাব ভিত্তিক অনেক কাজ করি কিন্তু সেটাকে যদি মার্কেট পর্যন্ত নিয়ে যেতে না পারি তাহলে তা ফলপ্রসূ হবে না। আমরা যদি পেটেন্ট করতে পারি এবং সেই পেটেন্ট কে যদি মার্কেটে নিয়ে যেতে পারি তবেই সেই গবেষণার প্রকৃত সুফল পাওয়া সম্ভব। মৌলিক গবেষণার পাশাপাশি প্রায়োগিক গবেষণা যেনো করতে পারি সেই চেষ্টা করতে হবে। আমি আশা করবো আইকিউএসি ভবিষ্যতে এমন আরো সুন্দর সুন্দর প্রোগ্রামের আয়োজন করবে। এতে শিক্ষক এবং শিক্ষার্থী উভয়েই উপকৃত হবে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব সিডনির (এনএসডব্লিউ) স্কুল অব বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং এর ড. শেখ নাসিম ফয়সাল। তিনি থ্রি-ডি ন্যানো কার্বনস বিষয়ক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন এবং অংশগ্রহণকারীদের প্রতি এ বিষয়ক গবেষণালব্ধ গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন ও মূল্যবান বক্তব্য প্রদান করেন।

উল্লেখ্য, উক্ত সেমিনারে নোবিপ্রবির এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, পদার্থ বিজ্ঞান এবং রসায়ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪